

JAN. 21 2000..
তারিখ

৯

২২

সুন্দরগঞ্জ কলেজে জাল সার্টিফিকেটে ছাত্র ভর্তি ১১ জনের বিরুদ্ধে মামলা

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরিবেশক সুন্দরগঞ্জ ডি ডাবলু কলেজে জাল সার্টিফিকেটে ছাত্র ভর্তির অভিযোগ এনে ৭ জনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। দু'বছর ক্লাস করার পর এই জাল সার্টিফিকেটের ঘটনা ধরা পড়ায় কলেজ কর্তৃপক্ষ উক্ত মামলা দায়ের করেছে। শিক্ষা বোর্ডের নির্দেশে এ মামলা দায়ের হয়েছে।

মামলার বিবরণে প্রকাশ, ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে সমস্ত পরীক্ষার্থী অংশগ্রহণ করেছিল, তাদের মধ্যে ৭ জন এস এসসি পাসের মূল মার্কশিটের জাল কপি প্রদান করে সুন্দরগঞ্জ ডি ডাবলু কলেজে ভর্তি হয়। ভর্তিকালীন সময়ে তাদের জমা দেয়া মূল মার্কশিটের কপি জাল কিনা তা শনাক্ত করা সম্ভব হয়নি।

ফলে ওইসব ছাত্র উচ্চ মাধ্যমিক শ্রেণীর নিবন্ধন কার্ডও পায়। এরপর তাদের সার্টিফিকেট জাল বলে প্রমাণিত হয়। এ বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের চোখে ধরা পড়ে। পরে তা রাজশাহী শিক্ষা বোর্ডের কম্পিউটার সেন্টার কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করে জাল প্রমাণিত হয়। তখন শিক্ষা বোর্ডের নির্দেশে সুন্দরগঞ্জ ডি ডাবলু কলেজ কর্তৃপক্ষ ৭ জন ছাত্রের বিরুদ্ধে ধানায় একটি মামলা দায়ের করেন। এদের নাম শিবরাম উচ্চ বিদ্যালয়ের আবদুল হান্নান, মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের ওয়ারেছ পাঁচগাছি শান্তিরাম উচ্চ বিদ্যালয়ের সাইফুল ইসলাম, নুরুন্নবী সরকার, শাহাবুল, আমিনুল ও ব্রজেন্দ্র নাথ। এরা সবাই মাধ্যমিক বিভাগের ছাত্র এবং এসএসসি পাসের জাল মার্কশিট সংগ্রহ করে উক্ত কলেজে ভর্তির সুযোগ পায়।